মাদারীপুরে শেখ হাসিনার বিচারের দাবিতে জেলা জাতীয়তাবাদী যুব দলের বিক্ষোভ

মাদারীপুর – বুধবার (২১ আগস্ট ২০২৪) বিকালে শেখ হাসিনার বিচারের দাবীতে বিক্ষোভ মিছিল করেছে মাদারীপুর জেলা জাতীয়তাবাদী যুবদল। বিগত ১৫ বছরে ক্ষমতাসীন আওয়ামী লীগের শাসনামলে হাজার হাজার নেত কর্মীকে গুম,খুন, রাতের অন্ধকারে শাপলা চত্বরে হেফাজতের আলেম ও মাদ্রাসার ছাত্রদেরকে পৈশাচিক কায়দায় হত্যা,ছাত্র জনতার গণঅভ্যুত্থ্যানে সহস্রাধিক শিশু সহ ছাত্র যুবক হত্যার সরাসরি নির্দেশ দাতা তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার দানবীয় বাহিনীর বিচারের দাবিতে এই বিক্ষোভ মিছিল করেন মাদারীপুর জেলা জাতীয়তাবাদী দল বিএনপি ও জেলা যুবদল সহ অন্যান্য সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন।
জেলার কেন্দ্রীয় পৌর ঈদগাহ মাঠ থেকে মাদারীপুর জেলা স্বেচ্ছাসেবক সহ-সভাপতি, বি এম আরিফুল ইসলাম দুলালের নেতৃত্বে বিক্ষোভ মিছিলটি শহরের কেন্দ্রীয় ঈদগাহ মাঠ থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন সড়ক হয়ে ডিসি ব্রিজ নামক স্থানে শেষ করা হয়।
শেখ হাসিনার বিচারের দাবীতে বিক্ষোভ মিছিলে জেলার বিভিন্ন উপজেলা ও ইউনিয়ন পর্যায় থেকে দুপুর থেকেই মাদারীপুর কেন্দ্রীয় পৌর ঈদগাহ মাঠে নেতা কর্মীদের ঢল নামতে শুরু করে। বিকাল পাঁচটায় বিক্ষোভ মিছিল শুরু হয়ে ছয়টায় শেষ হয়।
এসময় বিক্ষোভ মিছিল শেষে সমাপনী বক্তব্য রাখেন জেলা, উপজেলা,পৌরসভা ও ইউনিয়ন থেকে আগত উপস্থিত নেতাকর্মীরা। বক্তারা সাবেক প্রধানমন্ত্রী বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনা এবং তারেক রহমানকে অবিলম্বে দেশে ফিরিয়ে আনার জোর দাবী জানান জেলা যুবদলের নেতাকর্মীরা।
এতে সভাপতিত্ব করেন মাদারীপুর জেলা যুবদলের সদস্য সচিব, মনিরুজ্জামান ফুকু ও জেলা স্বেচ্ছাসেবক দলের সহ-সভাপতি বি এম আরিফুল ইসলাম দুলাল, সাংগঠনিক সম্পাদক মিজান সিকদার সহ অন্যান্য নেতৃবৃন্দ।
এসময় আরো উপস্থিত ছিলেন–মাদারীপুর জেলা জাতীয়তাবাদী দল বিএনপির সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক, নজরুল ইসলাম লিটু,জাতীয়তাবাদী কৃষক দলের জেলা আহবায়ক, এডভোকেট অলিউর রহমান দর্জি, জাতীয়তাবাদী যুবদলের সদস্য সচিব,মনিরুজ্জামান ফুকু,সহ-সভাপতি, জামাল হাওলাদার,সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক, লিয়াকত হোসেন কালু,জেলা

ছাত্রদলের যুগ্ম আহবায়ক,নাজমুল হোসেন মিলন,মাদারীপুর সদর থানা স্বেচ্ছাসেবক দলের নেতা নাসির তালুকদার, তামিম হাওলাদার সহ জেলা ও উপজেলা জাতীয়তাবাদী দল বিএনপির সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ।